Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৭শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৮ই শ্রাবণ বুধবার ১৩৬৭ ইংরাজী 3rd Aug. 1960 | ১২শ সংখ্যা




মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

**"রাণী রাসমণি"**

**শাড়ী ও ধুতি কিনুন।**

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

**আরতি কটন মিলস্ লিঃ**

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৮ই শ্রাবণ বুধবার সন ১৩৬৭ সাল।

# দিল্লী কা বিল্লী

—•—

স্বাধীনতা লাভের পর হতভাগ্য বাংলা দেশের এমন এক দুর্দ্দিন আসিয়াছিল যে তাহা মনে করিলে বাঙালী মাত্রেরই শরীর শিহরিয়া উঠে। আজ আসামে 'বাঙাল খেদা' চেয়েও সে ব্যাপার আরও সাংঘাতিক। সমস্ত বাংলা দেশটাকেই পৃথিবী হইতে খেদান অর্থাৎ তাড়ান হইতেছিল। সে দুঃখের কথা খুব মর্ম্মান্তিক! যিনি রক্ষক তিনিই ভক্ষক হইয়া বাংলাকে বিহারে বিলয়ন করিতে প্রতিজ্ঞাবদ্ধ হইয়াছিলেন। কোন একটি বৃহত্তর সম্পত্তির সহিত ক্ষুদ্রতর সম্পত্তি বিলয়নকে ইংরাজীতে **Merger** (মার্জার) বলে। বাংলায় সাধু ভাষায় বিড়ালকে মার্জার বলে। বিলয়ন যখন ইংরাজীতে (Merger) মার্জার। আর দিল্লীর কংগ্রেস সভাপতি, প্রধান মন্ত্রী প্রমুখ কর্ত্তা ব্যক্তিগণ বাংলার মুখ্যমন্ত্রীকে এই কর্ম্মে উৎসাহিত করিয়া আশীর্ব্বাদ জানাইয়াছিলেন। সেইজন্য পল্লীবাসী একজন স্বল্পাক্ষর বৃদ্ধ এই মার্জারকে 'দিল্লী কা বিল্লী' নাম দিয়াছিলেন। আমরা আমাদের এই প্রবন্ধের নাম দিলাম 'দিল্লী কা বিল্লী"। সে সময়ে বাংলার বিলয়ন কার্য্যে যেমন দিল্লীর বড় কর্ত্তাদের উৎসাহ পাইয়াছিলেন এবার আসামে বাঙালী নিগ্রহের প্রতিকার পাইবার জন্য বড় আশা করিয়া গিয়াছিলেন তাঁহার প্রস্তাব সেবার যেমন উৎসাহ পাইয়াছিল, এবারও সমর্থন পাইবেন বোধ হয়। সেটা ছিল বাংলার বিলয়ন, এবার বাঙালী নির্য্যাতনে আসামবাসীদের উপর অভিযোগ। সেবার মুখ্যমন্ত্রী মহাশয় তাঁহার পণ রক্ষা করিতে কসুর করেন নাই।

বর্ত্তমান কেন্দ্রীয় আইন মন্ত্রী মহাশয় তাঁহার অপেক্ষা কম কিস্মতের প্রতিদ্বন্দ্বীর নিকটে বহু বহু ভোটে পার্লামেন্টের মেম্বরীর উপনির্ব্বাচনে পরাজিত হওয়ায় মুখ্যমন্ত্রী মহাশয় প্রমাদ গণিয়া রণে ভঙ্গ দিয়া বেতারে ভাষণ দিয়া বলিলেন— জনমতের নিকট আমার পরাজয় ঘটিল। ইহা মুক্তকণ্ঠে স্বীকার করিয়া এই মার্জার কার্য্যে নিরস্ত হইলেন। তারপর বার সাধারণ নির্ব্বাচনে মুখ্যমন্ত্রী মহাশয় নির্ব্বাচিত হইতে বিশেষ বেগ পাইয়া জয়লাভ করেন। আসামবাসী বাঙালীদের উপর খোদ আসামীরা নারকীয় নির্য্যাতন করিয়া গৃহহারা অন্নহারা করিয়া ছাড়িয়াছেন। আজ তিনি কংগ্রেস ওয়ার্কিং কমিটীর দ্বারে বাঙালীর বিলয়ন জন্য যান নাই, গিয়াছিলেন আসামীদের বিরুদ্ধে এবং বাঙালীর স্বপক্ষে কথা কইতে। মুখ্যমন্ত্রী মহাশয় যে প্রস্তাব করিয়াছেন তাহা কংগ্রেসের কর্ত্তারা কানে করেন নাই। মুখ্যমন্ত্রী মহাশয়ের মনে আছে "মার্জারে" কংগ্রেস সভাপতির আশীর্ব্বাদ, প্রধান মন্ত্রীর উৎসাহ বাক্য। আর এবারই আমাদের মত গেঁয়ার লোক হ'লে জন্মের মত কংগ্রেসের তেরঙ্গা নিশানকে সেলাম দিয়া, "সত্যমেব জয়তে" এই মহা বাক্যে হাজার প্রণতি জানাইয়া জোড়া বলদের আট ক্ষুরে প্রণাম করিয়া সরিয়া পড়িতাম।

আমরা মুখ্যমন্ত্রী মহাশয়কে বলি—এটা কপাল—
একই চন্দনের ফোটা সর্ব্বলোকে পরে।
কপাল গুণে ফোটা ঝলমল করে॥

এটা শুধু মুখ্যমন্ত্রী মহাশয়ের কপাল নয়, এর সঙ্গে বহু হতভাগ্য বাঙালীর কপাল আছে। প্রধান মন্ত্রী মহাশয় পাকীস্তানকে বেড়ুবাড়ী দান করিয়া সেই দান কায়েম রাখিবার জন্য পশ্চিম বাংলার উভয় বিধান-মণ্ডলীতে কেন্দ্রীয় আইনমন্ত্রী মহাশয়কে দিয়া কত চেষ্টা করিয়াছেন, সংবিধান জানেন না বলিয়া যে কেলেঙ্কারী মুলুকে প্রচারিত হইয়াছে, তার চেয়ে দিল্লীর বিল্লীর আঁচড় কামড় বেশী নয়। চীনাদের আক্রমণ গোপনও কম নিন্দনীয় নয়।

—

# আসামে বাঙালী নিধন

## পশ্চিম বঙ্গ পুনর্গঠন সংযুক্ত পরিষদের সভা

শনিবার সন্ধ্যায় পশ্চিম বঙ্গ পুনর্গঠন সংযুক্ত পরিষদ ও বিপ্লবী পরিষদের যুক্ত উদ্যোগে আজাদ হিন্দ বাগে অনুষ্ঠিত সভায় আসামী গুণ্ডাদের অমানুষিক বর্ব্বরতার প্রতিবাদ করা হয়। সভা উদ্বোধন করেন শ্রীদক্ষিণারঞ্জন বসু এবং সভাপতিত্ব করেন প্রখ্যাত আইনজীবী শ্রীরণদেব চৌধুরী।

শ্রী বসু তাঁহার উদ্বোধনী ভাষণে বলেন যে, আসামে বাঙ্গালীদের উপর পরিকল্পিতভাবে যে হত্যাকাণ্ড, নারীধর্ষণ ও নারী লুণ্ঠন প্রভৃতি বর্ব্বরতম অত্যাচার সংঘটিত হইয়া গেল ইহার পরও যদি আজ বাঙালী বিশেষ করিয়া বাঙালী যুবকগণ তাঁহাদের ভবিষ্যৎ সম্বন্ধে সজাগ না হইয়া উঠেন, তবে অদুর ভবিষ্যতে এমন দিন আসিতে বাধ্য হইবে যখন পৃথিবীর মাটিতে বাঙালীর কোন অস্তিত্ব থাকিবে না।

শ্রীরণদেব চৌধুরী বলেন যে, বাঙালী আজ এই দুর্দ্দিনে যদি মনে করেন যে, দিল্লী হইতে তাঁহারা সাহায্য পাইয়া আসামের গুণ্ডামী দমন করিবেন তাহা হইলে তাঁহারা ভুল করিবেন। বাঙালীকে আজ তাঁহার নিজের পথ নিজেকেই বাছিয়া লইতে হইবে। কোন কোন মহল হইতে আসামে রাষ্ট্রপতি শাসনের দাবী উঠিয়াছে, কিন্তু তিনি তাঁহাদের সহিতও একমত নহেন। ভারতের শাসনতন্ত্রে মৌলিক অধিকারের কথা উল্লেখ করিয়া শ্রী চৌধুরী বলেন যে, আসামের অনুষ্ঠিত বর্ব্বরতার পর ভারত সরকারের এহেন ভূয়া শাসনতন্ত্র গঙ্গার জলে ডুবাইয়া দেওয়াই উচিত বলিয়া তিনি মনে করেন।

শ্রী ডাঃ ভূপাল বোস, শ্রীপরিমল মজুমদার, শ্রীতারাপদ চক্রবর্ত্তী এবং শ্রীরবি চৌধুরী প্রভৃতি বক্তাগণ ভাষণ দেন। সভায় সর্ব্বসম্মতিক্রমে নিম্নোক্ত প্রস্তাব গ্রহণ করা হয়। বাঙালীকে আত্মরক্ষার জন্য সর্ব্বপ্রকার ব্যবস্থা করিতে হইবে এবং প্রস্তাবে আগামী ১৫ই আগষ্টকে শোক দিবস হিসাবে পালন করিবার আবেদন জানান হয়। প্রস্তাবে বাংলা দেশে বসবাসকারী ও ব্যবসায়ী

সম্প্রদায়কে বাঙালীদের স্বার্থের পরিপন্থী কোন কাজে লিপ্ত না থাকিতে অনুরোধ করা হয় এবং সর্ব্বশেষে এই প্রদেশের কংগ্রেসসেবীদিগকে কংগ্রেস হইতে পদত্যাগ করিতে অনুরোধ করা হয়। সভাশেষে আসামের অস্থায়ী মুখ্যমন্ত্রী শ্রীফকরুদ্দীন আমেদ আলির একটি কুশপুত্তলিকা দাহ করিয়া আসামের বর্ব্বরতার বিরুদ্ধে বাঙালীর ঘৃণা ও বিরক্তি জ্ঞাপন করা হয়।

## বিপ্লবী সমাজতন্ত্রী দলের বিবৃতি

আর-এস-পি'র পশ্চিম বঙ্গ কমিটীর সম্পাদক শ্রীমাখন পাল সংবাদপত্রে নিম্নরূপ বিবৃতি দিয়াছেন :—কংগ্রেস ও কংগ্রেস সরকার সম্বন্ধে যাহাদের মনে এখনও তিলমাত্র বিশ্বাস আছে, কংগ্রেস ওয়াকিং কমিটীর প্রস্তাব এমন কি তাহাদিগকেও হতাশ না করিয়া পারিবে না। ইহার ফলে আসামের ভিতরে যে সমস্ত বাঙালী এখনও রহিয়াছে এবং যাহারা উদ্বাস্তু হইয়া আসামের বাহিরে চলিয়া আসিয়াছে, তাহাদের মনে এতটুকুও নিরাপত্তাবোধ জাগ্রত হইবে না। যাহারা এই বিরাট ধ্বংসলীলা ও হত্যাকাণ্ডের জন্য দায়ী, ওয়ার্কিং কমিটী উদ্বাস্তু বাঙালীদের এবং আসামস্থ বাঙালীদের তাহাদের হাতেই পুনরায় সমর্পণের প্রস্তাব করিয়াছে। আসামের কংগ্রেস এবং কংগ্রেস সরকারের অপকর্ম্ম ঢাকিবার অথবা ছোট করিয়া দেখাইবার প্রয়াসই কংগ্রেস ওয়ার্কিং কমিটীর এইরূপ হীন ও নির্লজ্জ প্রস্তাব গ্রহণের অন্যতম কারণ। আমরা মনে করি, কেন্দ্রীয় সরকার অবিলম্বে আসাম সরকারকে 'আইন ও শৃঙ্খলা'র দায়িত্বভার হইতে অব্যাহতি দিয়া ঐ দপ্তরকে কেন্দ্রীয় সরকারের অধীনে সামরিক কর্ত্তৃপক্ষের হাতে সমর্পণ করুন ; প্রকাশ্য এবং বিচার বিভাগীয় তদন্তের মাধ্যমে দুষ্কৃতকারীদের উপযুক্ত শাস্তিদানের ব্যবস্থা করুন। এমনি পরিবেশ সৃষ্ট হইলেই আসামস্থ বাঙালীদের মনে নিরাপত্তাবোধ ফিরিয়া আসিবে, উদ্বাস্তুরাও স্ব স্ব স্থানে ফিরিয়া যাইতে রাজী হইবে। একমাত্র এমনি পরিবেশেই আলাপ আলোচনার মাধ্যমে ভাষার প্রশ্নও মীমাংসিত হওয়া সম্ভব হইবে।

## বন্দেমাতরম্

### আধুনিক সংস্করণ

নির্জলাং নিষ্ফলাং শবসম শীতলাং
শস্যবিহীনাং মাতরম্।
দস্যুতস্কর পূরিত যামিনীং
ফল ফুল বিহীন নীরস দ্রুম-শোভিনীং
ক্রন্দন-বিষাদ-কাতর-ভাষিণীং মাতরম্॥
কোটি কোটি কণ্ঠ ঘর ঘর নিনাদ অকালে,
কোটি কোটি ভুজ শুষ্ক অনশন করালে,
সবলা কে মা তোরে বলে,
বহুবল ধারিণীং নমামি দুখিনীং
রিপুদল বর্দ্ধিনীং মাতরম্।
তুমি বৃদ্ধা, তুমি অক্ষম,
তুমি ব্যাধি, তুমি মরণং
ত্বং হি প্রাণহীনা শরীরঃ
বাহুতে তুমি মা টীকা,
হৃদয়ে তুমি মা ভুঁখা
তোমার প্রতিমা ভগ্ন মন্দিরে মন্দিরে,
ত্বং হি দুর্গা মৃন্ময় রূপিনীং
কৃপাকণা বঞ্চিতা কমলদল বাসিনীং
মূকং বধিরাং নমামি ত্বাং
নমামি দীনাং হীনাং
অকুলাং ব্যাকুলাং দলিতাং মাতরম্।
শুষ্কাং শীর্ণাং, বিষাদিতাং রিক্তাং
ধরণীং হরণীং মাতরম্।


## JANGIPUR COLLEGE

Murshidabad

Admission in Pre-University Classes—Arts and Science and 3 Years' Degree class—Arts is going on. Mark sheet must be submitted along with the Admission Forms. Accommodation in Hostels and messes attached to College is available. Liberal concessions to poor and meritorious students. Apply sharp to the Principal.


## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সংশ্লিষ্ট জনগণকে জানান যাইতেছে যে আমি মির্জাপুর ইউনিয়ন কো-অপারেটিভ এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটী লিমিটেডের ১৯৫৯-৬০ সনের ( ১।৭।৫৯ তারিখ হইতে ৩০।৬।৬০ তারিখ পর্য্যন্ত ) হিসাব পরীক্ষা ( Statutory audit ) করিব। উক্ত সমিতির সহিত সংশ্লিষ্ট পাওনাদার এবং/অথবা দেনদারগণকে তাহাদের উক্ত তারিখ পর্য্যন্ত দেনা এবং/অথবা পাওনা টাকার হিসাব যাচাই করিয়া লইতে অনুরোধ করিতেছি। হিসাবে কোন প্রকার গরমিল দেখা গেলে নিম্নস্বাক্ষরকারীর নিকট আগামী ৮।৮।৬০ হইতে ১০।৮।৬০ তারিখ মধ্যে বেলা ১০টা হইতে বৈকাল ৪টা পর্য্যন্ত সমিতির অফিসে উপস্থিত হইয়া নিজ নিজ হিসাব মিলাইয়া লইবার জন্য অনুরোধ করা যাইতেছে। উক্ত তারিখ মধ্যে কোন প্রকার আপত্তি না উঠিলে, সমিতির প্রদত্ত হিসাব সঠিক বলিয়া গণ্য করা হইবে। ইতি—৩।৮।৬০

শ্রীরামগতি মুখোপাধ্যায়
অডিটর, কো-অপারেটিভ সোসাইটীজ, জঙ্গিপুর
অডিট অফিসার
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## নিলামের ইস্তাহার

### জঙ্গিপুর এস, ডি, ও, আদালত

### নিলামের দিন ১৮ই আগষ্ট ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

১৮ ভাগচাষ জারী ডিঃ দিগম্বর চট্টোপাধ্যায় দেং রতিকান্ত মণ্ডল দাবি ৫০০৭১ নঃ পঃ ১নং লাট থানা রঘুনাথগঞ্জ মৌজে সিমলা ১০ শঃ কাত ৵০ আঃ ১০৲ খং ৪৪ রায়ত স্থিতিবান স্বত্ব ২নং লাট মৌজাদি ঐ ১৭ শতকের কাত ৷৷/৮ মধ্যে ১০ শতকের কাত ১৲ আঃ ১০৲ খং ১৫৫ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ১-৭ শতকের কাত ১/৬ মধ্যে ১৮ শতকের কাত ৵০ আঃ ১৫৲ খং ২৬০ ঐ স্বত্ব ৪নং লাট মৌজাদি ঐ ৭৩ শতকের কাত ৪৷৵৭ আঃ ১০০৲ খং ২৬১ ঐ স্বত্ব ৫নং লাট মৌজাদি ঐ ৯৩ শতকের কাত ৬৫০ মধ্যে ৫৩ শতকের কাত ৩৲ আঃ ১০০৲ ঐ স্বত্ব







বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের **আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

**দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ...

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের

যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্ল্যাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ও

ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের

যাবতীয় ফরম ও রেজিষ্টার ...

সর্ব্বদা সুলভ মূল্যে ... হয়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ... ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অবাধ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :— **ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

**শ্রীঅরুণ**

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এন্‌লার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।